The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 838 | 4 October 2024 | শুক্রবার ১৯ আশ্বিন ১৪৩১


Poll shows a tight race in Pennsylvania warning signs for Harris >> Page 25


The 10 Senate seats most likely to flip in 2024 >> Page 24


USCIS opens new Long Island City office >> Page 25


NYC mayor pleads not guilty to bribery and fraud charges >> Page 25

# ইউনূসের সংলাপে সংস্কারের কার্যপরিধিই প্রাধান্য

**মাসুদ করিম**, *ঢাকা থেকে*



রাজনৈতিক দলগুলোর সঙ্গে আবারও সংলাপে বসছে অন্তর্বর্তীকালীন সরকার। এবারের এজেন্ডা সরকার গঠিত সংস্কার কমিশনগুলোর কার্যপরিধি নির্ধারণ। পাশাপাশি, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি খারাপ হওয়ায় এ ব্যাপারে করনীয় দিক নিয়ে আলোচনা করবেন। অর্ন্তবর্তি সরকারের প্রধান উপদেষ্টা নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস সংলাপের আহ্বান করেছেন। এর আগেও দলগুলোর সঙ্গে সংলাপ করেছেন প্রধান উপদেষ্টা। অর্ন্তভুক্তিমূলক সংস্কার করার লক্ষ্যে তিনি এই সংলাপ করছেন বলে ধারণা করা হচ্ছে। তাছাড়া, এসব সংস্কার কর্মকান্ডকে পরবর্তি গণতান্ত্রিক সরকারের জাতীয় সংসদে পাশ করানোর প্রয়োজন হতে হবে। এসব কারণে রাজনৈতিক মতৈক্য প্রতিষ্ঠা করার মাধ্যমে সংস্কার করার লক্ষ্যে কথা বলেছেন। এসব নিয়ে তুমুল আলোচনা চারদিকে। শনিবার ধারাবাহিকভাবে সংলাপ শুরু করবে। এতে দেশের প্রধান রাজনৈতিক দলগুলোকে আমন্ত্রণ জানানো হয়েছে। এবারের সংলাপে রাজনৈতিক দলগুলোকেও সঙ্গে নিচ্ছেন ইউনূস। যদিও এবারের সংলাপেও আওয়ামী লীগকে ডাকা হচ্ছে না। সংস্কারের পর আগামী নির্বাচন কবে নাগাদ অনুষ্ঠিত হবে এই আলোচনা নিয়ে রাজনৈতিক মহলে ব্যাপক শোরগোলের মধ্যে এবারের সংলাপের ডাক দিলেন প্রধান উদেষ্টা। সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছেন, ১২ থেকে ১৮ মাসের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে অর্ন্তবর্তি সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেছেন, সেনাপ্রধান সংস্কারের ১৮ মাস পরে নির্বাচনের এরপর ২০ পৃষ্ঠায়

## ড. ইউনূসের আচরণে প্রবাসীরা হতাশ

**আজকাল ডেস্ক**

জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে যোগ দিতে মাত্র চারদিনের সফরে নিউইয়র্কে এসেছিলেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান ও নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস। জাতিসংঘের ইতিহাসে এই প্রথম বাংলাদেশের কোনো সরকার প্রধান এত সংক্ষিপ্তভাবে সফর শেষ করলেন। অন্যদিকে সফর ছোট বা সংক্ষিপ্ত এরপর ২০ পৃষ্ঠায়

## ভারত ছাড়ছেন হাসিনা

**আজকাল রিপোর্ট**

বাংলাদেশে ছাত্র-জনতার গণআন্দোলনে ক্ষমতা থেকে উৎখাত হওয়া সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৫ আগস্ট ভারতে পালিয়ে গিয়ে আশ্রয় নিয়েছেন। তারপর থেকে টানা ২ মাস পূর্ণ হতে চলছে ভারতে তার অবস্থান। ভারতে এবং প্রভাবশালী বিভিন্ন রাষ্ট্রে উচ্চ মহলে এরপর ২০ পৃষ্ঠায়

# সিদ্দিকের আবেদনে হাসিনার না

● যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ৩ অঞ্চলে বিভক্ত ● ড. নুরুন্নবী'র বঙ্গবন্ধু পরিষদকে স্বীকৃতি

**মনোয়ারুল ইসলাম**







সাবেক প্রধানন্ত্রী শেখ হাসিনা ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা নাকচ করে দিলেন যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ সভাপতি ড সিদ্দিকুর রহমানের আবেদন। গত ২৮ সেপ্টেম্বর তিনি যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করেন। টেলিফোন কনভারসেশনে তিনি দলীয় সভানেত্রীকে বলেন, দলের এই দুর্দিনে আন্দোলন সংগ্রামে অনেকের সহযোগিতা পাচ্ছি না। বরং তারা বিভেদে অংশ নিচ্ছে। শেখ হাসিনা বলেন, এই দুঃসময়ে দায়িত্ব ছাড়া ঠিক হবে না। দলের নেতাকর্মিদের কাছে ভুল বার্তা যাবে। আপনি দায়িত্ব পালন করুন। উল্লেখ্য ড.সিদ্দিক গত ১৩ বছর ধরে সভাপতির দায়িত্ব পালন করছেন। তার বিরুদ্ধে সংগঠনে বেশ কয়েকটি উপধারাও তৈরি হয়েছে। কিন্তু তারা সিদ্দিক বিরোধিতার অজুহাতে অর্ন্তবর্তী সরকারের বিরোধী আন্দোলনে থাকছে অনুপস্থিত। এরপর ২০ পৃষ্ঠায়




## ডিভি ২০২৬ লটারি শুরু, বাংলাদেশীদের সুযোগ নেই

**আজকাল রিপোর্ট**

ডাইভারসিটি ভিসা বা ডিভি লটারি নামে পরিচিত ইউএস গ্রিন কার্ড লটারির ২০২৬ অর্থবছরের নিবন্ধন কার্যক্রম শুরু এরপর ২০ পৃষ্ঠায়

## সাবেত সাথীর বিরুদ্ধে মানহানি ও অর্থ আত্মসাতের মামলা



**আজকাল রিপোর্ট**

সাংবাদিক পরিচয়ধারী সাবেত সাথী ও তার স্ত্রী কৌশলী ইমার বিরুদ্ধে মামলা দায়ের করেছেন কমিউনিটির বিশিষ্ঠ ব্যবসায়ী শাহ নেওয়াজ ও রানো নেওয়াজ। আর্থিক ক্ষতি ও মানহানির অভিযোগ এনে তারা কুইন্স সুপ্রীম কোর্টে গত ২৩ সেপ্টেম্বর এ মামলা দায়ের এরপর ২৬ পৃষ্ঠায়

## সোসাইটির ৩০৭ ভোট বাতিলে চতুরতার অভিযোগ সেলিম-আলী পরিষদের

**আজকাল রিপোর্ট**

Bangladesh Society Inc
বাংলাদেশ সোসাইটি ইনক
Established 1975

বাংলাদেশ সোসাইটির বির্তকিত ৩০৭ ভোট বাতিল। সংশোধিত নতুন ভোটার তালিকা আসছে। গত ৩০ জুন ছিল বাংলাদেশ সোসাইটির সদস্যপদ নবায়ন, নতুন সদস্য পদ গ্রহনের শেষ সময়।এ সময়ের মধ্যে যারা সদস্য হয়েছেন তারাই আগামী ২৭ অক্টোবরে অনুষ্ঠিত নির্বাচনে ভোটধিকার প্রয়োগ করতে পারবেন। যার পরিমান ১৮,৬০০। ভোটার তালিকা আনুষ্ঠানিকভাবে প্রকাশের পর ২৮২ জন ভোটার নিয়ে আপত্তি তোলেন এরপর ২০ পৃষ্ঠায়

## মধ্যপ্রাচ্যজুড়ে যুদ্ধ পরিস্থিতি

### পাল্টা হামলা নিয়ে ইরানের হুঁশিয়ারি



**আজকাল রিপোর্ট**

ইসরাইলে ইরানের ব্যাপক হামলার পর মধ্যপ্রাচ্যজুড়ে যুদ্ধ পরিস্থিতি বিরাজ করছে। মধ্যপ্রাচ্য নিয়ে উদ্বেগ জানিয়ে জরুরি বৈঠকে বসেছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। ইসরাইল লেবাননে পেজার বিস্ফোরণ থেকে শুরু করে বিমান হামলা চালিয়ে সাধারণ এরপর ২৬ পৃষ্ঠায়




## টাইম ম্যাগাজিনের তালিকায় উপদেষ্টা নাহিদ

**আজকাল রিপোর্ট**

টাইম ম্যাগাজিনের ২০২৪ সালের 'টাইম-১০০' তে অন্তর্ভুক্ত হয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের এরপর ২০ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

ASYLUM CENTER:
এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections ▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St. Suite#1D. Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email- moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার

MHC

আমরা নূতন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**We Welcome Agency Transfers and New Clients.**



- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন

## 718-734-8777

E-mail : info@markshhc.com | www.markshhc.com

**Bronx**
1232 Virginia Ave, Bronx, NY 10472
1514 Castle Hill Ave, Bronx, NY 10462
2002 Mcgraw Ave, Bronx, NY 10462
721 E Tremont Ave, Bronx, NY 10457

**Brooklyn**
219 Church Ave, Brooklyn, NY 11218
1208 Liberty Ave, Brooklyn, NY 11208
1122 Coney Island Ave, Suite 220 (2nd Fl.), Brooklyn, NY 11230
1104 Liberty Ave, Brooklyn, NY 11208
6910 5th Ave (2nd Fl.), Brooklyn NY 11209
1061 Flatbush Ave, Brooklyn NY 11226

**Hicksville**
217 Bethpage Road, Hicksville, NY 11801

**Binghamton**
61 Washington Ave, Endicott, NY 13760

**Queens**
40-04 Junction Blvd, Corona, NY 11368
37-20 74th Street, Jackson Heights, NY 11372
148-37 Hillside Ave, Jamaica, NY 11435

**Rochester**
504 W Main St, Rochester, NY 14608

**Manhattan**
1791 Lexington Ave, New York, NY 10029
1267 St Nicholas Ave, New York, NY 10033

**Buffalo**
1049 Broadway St. Suite # 4, Buffalo, NY 14212
96 Grant St., Buffalo. NY 14213

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক

Queens Social Adult Day Care Center Inc



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

# শেখ হাসিনার সফলতা-ব্যর্থতা!

মাহবুবুর রহমান

> বেনসনের দাম ৭০ টাকা। শ্রমিকের গড় মজুরী তখন দেড় থেকে দু'শ টাকা। এক ধুমপায়ীর দৈনিক চাহিদা ছিল তিন প্যাকেট । তার এক দরিদ্র বন্ধু আক্ষেপ করে একদিন বললো, দৈনিক তিন প্যাক, মানে ৩ গুণ৭০=২১০ টাকা। মাসে -এতো,। বছরে ৭৬ হাজার ৬৫০ টাকা। ও মাগো দশ বছরের সিগারেটের পয়সায় ঢাকায় একটি বাড়ীর মালিক হতে পারতে! ধূমপায়ী বন্ধুটি স্মিত হেসে জিজ্ঞেস করলো, তুমি ধুমপান করো না। এদ্দিনে নিশ্চয় কয়েকটা বাড়ীর মালিক হয়েছো? বন্ধুটি মাথা নাড়লো। একটিও না। তিন প্যাক বেনসন খেয়েও ঢাকায় তিনটি বাড়ীর মালিক আমি। তুমি না খেয়েও শূণ্য। যে খরচ করে, সে আয়ও করে। (যে ব্যয় করতে জানে, সে জানে আয়ও)।


(ধুমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর)। চার দশক আগের ঢাকা। বেনসনের দাম ৭০ টাকা। শ্রমিকের গড় মজুরী তখন দেড় থেকে দু'শ টাকা। এক ধুমপায়ীর দৈনিক চাহিদা ছিল তিন প্যাকেট । তার এক দরিদ্র বন্ধু আক্ষেপ করে একদিন বললো, দৈনিক তিন প্যাক, মানে ৩ গুণ৭০=২১০ টাকা। মাসে -এতো,। বছরে ৭৬ হাজার ৬৫০ টাকা। ও মাগো দশ বছরের সিগারেটের পয়সায় ঢাকায় একটি বাড়ীর মালিক হতে পারতে!

ধুমপায়ী বন্ধুটি স্মিত হেসে জিজ্ঞেস করলো, তুমি ধুমপান করো না। এদ্দিনে নিশ্চয় কয়েকটা বাড়ীর মালিক হয়েছো? বন্ধুটি মাথা নাড়লো। একটিও না। তিন প্যাক বেনসন খেয়েও ঢাকায় তিনটি বাড়ীর মালিক আমি। তুমি না খেয়েও শূণ্য। যে খরচ করে, সে আয়ও করে। (যে ব্যয় করতে জানে, সে জানে আয়ও)।

যে পারে না, হত দরিদ্র বন্ধুটির মতো চেয়ে চেয়ে কষ্ট পায় আর সমালোচনা করে।

শেখ হাসিনার সবচেয়ে বড় সাফল্য, বাংলাদেশকে পৃথিবীর ৩৩ তম অর্থনৈতিক শক্তিতে উঠানো।

'তলাবিহীন ঝুড়ি' থেকে বড় পাওয়ার হাউস । এ সক্ষমতা উন্নত দেশগুলোর আস্থা ও রেসপেক্ট বাড়িয়ে দেয়। হাসিনা একটার পর একটা মেগা প্রকল্প গ্রহণ করেন। বিশ্বব্যাংক পদ্মা থেকে মুখ ফিরিয়ে নিলে নিজস্ব অর্থে নির্মাণ করে বিশ্ব মোড়লদের মুৎসই জবাব দেন। নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট, মেট্রোরেল, কর্ণফুলি টানেল, স্যাটেলাইট, সাবমেরিন, থার্ড টার্মিনাল, কক্সবাজার রেলসহ দেশের অবকাঠামো উন্নয়নে বিপুল অবদান রাখেন।



দেশকে ঋণগ্রস্ত করে রেখেছেন বলে বিরোধীরা আর্তনাদ করেন। দেশের উন্নয়নে ঋণ অন্যায় কিছু নয়। দেখতে হবে, সে ঋণ পরিশোধ হচ্ছে কিনা। শেখ হাসিনা কখনো ঋণখেলাপী হননি। ' হায় হায়' 'গেল গেল' বলে বিরোধীদের মতো চেচামেচি করেননি । সক্ষমতা ছিল বলেই দাতারা তাঁকে ঋণ দিয়েছে। ফকিরকে কেউ ঋণ নয়, ভিক্ষা দেয়।

শেখ হাসিনার বড় সাফল্য, মানুষ তিন বেলা খেতে পেয়েছে। দুর্ভিক্ষ মঙ্গা হয়নি। দারিদ্র বিমোচন, শিশু স্বাস্থ্য ও শিক্ষা, নারীর ক্ষমতায়ন, বয়স্ক কল্যাণ সহ সামাজিক নানা সূচকে দক্ষিণ এশিয়ায় এক নম্বরে জায়গা পায় বাংলাদেশ । এ হারে অগ্রগতি হলে '৪১ সালের আগেই উন্নত দেশের সমকক্ষ হতে পারতো। শত্রুরা তা চায় নি। তাই শেখ হাসিনাকে বিদায় নিতে হয়।

আমাকে যদি জিজ্ঞেস করা হয়, শেখ হাসিনার বড় ব্যর্থতা কি? বলবো, মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী আরেকটি রাজনৈতিক দলের উথানে তাঁর অনগ্রহ বা সহযোগিতা না করা। আওয়ামী লীগের পাশাপাশি এ রূপ দলের প্রয়োজনীয়তা সব সময় আমরা উপলব্ধি করেছি। বাংলাদেশে এটা হতে পারতো। রাজনীতি বিশেষজ্ঞ কারো কারো মতে, ডঃ কামাল হোসেন, বঙ্গবীর কাদের সিদ্দিকী বা সোহেল তাজের নেতৃত্বে দ্বিতীয় একটি ফ্রন্ট দাঁড়াতে পারতো। বর্তমান সংকটের মতো পরিস্থিতিতে যারা হতে পারতেন '৭১ প্রেমিকদের অসনার স্থল। দুর্ভাগ্য, এ ধরনের কোন ফ্রন্ট দাঁড়াতে পারে নি। সমালোচকদের মতে, শেখ হাসিনার শুভাশিস পাওয়া দূরে থাক, তিনি এ রূপ উদ্যোগকে তাঁর প্রতিপক্ষ ভেবে অংকুরেই বিলুপ্তির আয়োজন করেছেন।

শেখ হাসিনা 'সরকার'কে যে ভাবে শক্তিশালী করেছেন, সে রূপ করতে পারেন নি 'দল'কে। অথচ দলই হচ্ছে মূল শক্তি। বঙ্গবন্ধু এক শক্তিশালী রাজনৈতিক দল গঠন করতে পেরেছিলেন বলে দেশটা স্বাধীন হয়েছে। তিনি তাঁর দলের ইউনিয়ন পর্যায়ের কর্মীকেও নামে চিনতেন। শেখ হাসিনার ব্যর্থতা, তিনি তাঁর দলের ত্যাগী কর্মীদের মেধা-শ্রমকে কাজে লাগাতে পারেন নি। তাদের দূরে সরিয়ে রেখেছেন। চাটুকাররা তাঁকে বেষ্টন করে

এরপর ১৬ পৃষ্ঠায়



> দলের দায়িত্ব যাদের উপর ছেড়েছিলেন, তারা কেউ দুর্নীতিতে,কেউ কোন্দলে আবার কেউ ক্লাউন সেজে বসেছিলেন। দল হয়ে পড়েছিলো দুর্বল, অথর্ব, নির্জীব। ৫ আগস্ট ছাত্র-জনতার আন্দোলনকালে যে দলের পাত্তাই মিলেনি, সে দলতো আওয়ামী লীগ হতে পারে না। সরকার বা দলের দুর্নীতিবাজদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে বিলম্ব তাঁর সুনামকে ক্ষুণ্ন করেছে। তড়িৎ ব্যবস্থা নিলে শত্রুরা তাঁর বিরুদ্ধে অপপ্রচারের সুযোগ পেত না। শেষ পর্যন্ত দুর্নীতিপরায়ণ ব্যক্তিদের বিরুদ্ধে ঠিকই ব্যবস্থা নিয়েছেন, কিন্তু বিলম্বের মাশুল তাঁকে দিতে হয়েছে। কে বলেছিলেন নাম মনে নেই, তবে তার কথাটি ভুলিনি। 'শেখ হাসিনা যখন জিতেন তখন একাই জিতেন, আর যখন হারেন মুক্তিযুদ্ধ পক্ষের সকলই হারেন'

# অন্তর্বর্তীকালীন সরকারের দেড় মাস: ভবিষ্যৎ কোন পথে?

ড. শ্যামল দাস

> একটি ধর্মীয় রাজনীতির ধারকের দাবির কারণে সরকারের সরাসরি অ্যাকশানে চলে যাওয়া। দাবি ছিল, পাঠ্য বই সংস্কারের যে কমিটি করা হয়েছে সেখান থেকে দু'জন সদস্যকে বাদ দিতে হবে। কারণ তারা নাকি "ধর্মবিরোধী"। অথচ এ দু'জন সদস্য প্রাণপাত করে বিগত আন্দোলনে সমর্থন জুগিয়েছিলেন এবং নিজেরাও অংশ নিয়েছিলেন। তখন তাদের এই অংশগ্রহণ নিয়ে এই গোষ্ঠীটি কোনও আপত্তি তোলেননি। যাইহোক, এ দাবি উত্থাপিত হওয়ার চব্বিশ ঘণ্টার মধ্যেই পুরো কমিটিই বাতিল করে দিলেন। তো সরাসরি ছাত্রদের আন্দোলনে সমর্থন দেওয়া, সাহসের সঙ্গে ছাত্রদের পাশে থাকা বুদ্ধিজীবীরাই যদি কাজ করতে বাধাগ্রস্ত হন তবে "সংস্কার" কাদের দিয়ে করা হবে? সাংবিধানিকভাবে ধর্মনিরপেক্ষ দেশটির পরিচয় কি পরিবর্তিত হয়ে যাচ্ছে?



বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে আমার জন্য সবচেয়ে বড় ধাক্কাটি হলো এর রাজনৈতিক দর্শন। একটু পেছন থেকে শুরু করা যাক। আগস্টের ৫ তারিখ শেখ হাসিনার পদত্যাগ ও দেশ ছাড়ার পরপর বঙ্গবন্ধুর ভাস্কর্যগুলো ভাঙা হলো। বঙ্গবন্ধু জাদুঘর অর্থাৎ ৩২ নম্বরের শেখ মুজিবের বাসভবন লুটপাট করে আগুন জ্বালিয়ে দেওয়া হলো। খুব সম্ভবত পৃথিবীর ইতিহাসের অন্যতম নেতার ভাস্কর্য অসম্মানের এমন নজির আর কোথাও পাওয়া যাবে না।

কেন, শেখ মুজিব কেন? শেখ মুজিব তো এই পৃথিবীতে নেই গত প্রায় পঞ্চাশ বছর। মৃত মুজিব এই গোষ্ঠীর কাছে জীবিত মুজিবের চেয়ে শক্তিশালী বেশি তাহলে। শুধু শেখ মুজিব তো নন, দেখা গেলো আমাদের স্বাধীনতার ভাস্কর্যগুলোও ভাঙা হলো বিভিন্ন জায়গায়, এমনকি মুজিবনগরে। কিন্তু এসব কাজের সরাসরি সমালোচনা না করে বরং নিরব থাকা হলো। অনেকে বললেন, এর জন্য তার কন্যাই দায়ী। এটিকে যেন বৈধতা দেওয়া হলো।

উপদেষ্টা পরিষদের একজন সদস্যও এর বিরুদ্ধে কথা বললেন না। একটি পুলিশি মামলা বা লোক দেখানো তদন্ত করারও প্রয়োজন মনে করলেন না। বলা হলো, কন্যা শেখ হাসিনার কাজের ফলাফল বঙ্গবন্ধুকে বহন করতে হচ্ছে। তাহলে স্বাধীনতার ভাস্কর্যগুলো কী দোষ করলো? এই জাতীয় মনোভাব বঙ্গবন্ধুর অসম্মান এবং স্বাধীনতার ভাস্কর্য ভাঙাকে কি বরং উৎসাহিত করলো না?

এরপরই এই সরকারের জন্য এসিড টেস্টের দিন ১৫ আগস্ট এলো। সরকার অন্য রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলাপ-আলোচনা করে শোক দিবসের ছুটি বাতিল করলো। এরপর যারা ধানমণ্ডির ৩২ নম্বরে শোক প্রকাশ করতে গেলেন তাদের ওপর হলো নিপীড়ন। এছাড়া ১৫ আগস্ট রাতে এই ভয়াবহ দিনটিকে উদযাপন করা হলো লুঙ্গি ডান্স দিয়ে। একজন সমন্বয়ক বললেন, এই কাজটি "বিপ্লবের" স্পিরিটের সাথে যায় না। এ পর্যন্তই।

প্রধান উপদেষ্টা কিছুই বললেন না: এই মানুষটির কাছে প্রত্যাশা অনেক ছিল, কারণ তিনি বঙ্গবন্ধুর নেতৃত্বে দেওয়া স্বাধীনতার ফসল এই বাংলাদেশের একজন নোবেল লরিয়েট; আমার প্রত্যাশা পূর্ণ হলো না।

সম্প্রতি ড. ইউনূস ভয়েস অব আমেরিকার বাংলা বিভাগকে একটি সাক্ষাৎকার দিয়েছেন। সেখানে বঙ্গবন্ধু এবং স্বাধীনতার ভাস্কর্যগুলোর অবমাননা নিয়ে প্রশ্ন করা হলে তিনি এর সরাসরি জবাব না দিয়ে বলেন, 'আপনি পুরনো দিনের কথাবার্তা বলছেন। এরমধ্যে একটা গণ-অভ্যুত্থান হয়ে গেছে আপনার মনে হয় স্মরণে নেই। আপনি এমনভাবে কথা বলছেন, যেন এসব ঘটনা ঘটেই নাই। কাজেই নতুন ভঙ্গিতে যা হচ্ছে, এটা দেখতে হবে তো। কত ছেলে প্রাণ দিল সেটা নিয়ে আপনার কোনও প্রশ্ন নেই। কেন প্রাণ দিল। কাজেই ওগুলো আসুক। তারপরে প্রথম স্বীকার করতে হবে যে তারা বলেছে, ছাত্ররা বলেছে যে আমরা রিসেট বাটন পুশ করেছি। এভরিথিং ইজ গন।'

যাইহোক, আমি অবাক হয়ে বোঝার চেষ্টা করলাম আমাদের স্বাধীনতার বিরুদ্ধে এমন আক্রমণগুলোর কী কারণ। প্রধান উপদেষ্টা বা অন্য উপদেষ্টারা বঙ্গবন্ধু ও স্বাধীনতার ভাস্কর্য ধ্বংসকারীদের একটি ন্যূনতম আইনি প্রক্রিয়ায় বিচারের প্রয়োজন মনে করলেন না। আমার কাছে এই সরকারের রাজনৈতিক দর্শনটি অনেকটাই অস্পষ্ট মনে হচ্ছে। তাদের নির্লিপ্ততা এই অস্পষ্টতা তৈরি করেছে।

মনে রাখা দরকার, শেখ মুজিব এখনও সাংবিধানিকভাবে এদেশের জাতির পিতা এবং দেশটির স্বাধীনতার ঘোষণা এই সংবিধানের অংশ। এই সরকার কিন্তু শপথ নিয়েছে সংবিধান রক্ষার; কাজেই যখনই বঙ্গবন্ধু ও আমাদের স্বাধীনতাকে অপমান করা হয় সেটি কিন্তু এক ধরনের অপরাধ অবশ্যই। এটির ব্যাপারে চুপ থাকাটা অনেকটাই এসব কাজে শাসকদের সমর্থনের ইঙ্গিত দেয়।

শেখ মুজিবুর রহমান এখনও সাংবিধানিকভাবে আমাদের জাতির পিতা এবং স্বাধীনতা যুদ্ধের প্রধানতম নেতা। ছাত্র-জনতার আন্দোলনে নিহত সবার জন্য অবশ্যই আমরাও শোকাহত, এর বিচারও অবশ্যই হতে হবে। কিন্তু সেটার জন্য বঙ্গবন্ধুর জন্য শোক করা কেন বাধা হয়ে দাঁড়াবে, তা আমরা সাধারণ মানুষরা বুঝতে পারছি না। বঙ্গবন্ধু ছাড়াও সেদিন শিশু, নারী, ও গর্ভবতী খুন হয়েছিলেন কোনও রকম রাজনীতির সাথে জড়িত না থেকেই। এমন ঘটনা কেন ঘটেছিলো আমরা জানি।

প্রয়াত শ্রদ্ধেয় মইন উদ্দীন খান বাদল একটি চমৎকার ব্যাখ্যা দিয়েছিলেন- কেন স্বাধীনতা বিরোধীরা শুধু বঙ্গবন্ধু নন, তাঁর পুরো পরিবার এবং পরবর্তী প্রজন্মকে শেষ করে দিতে চেয়েছিলো। বঙ্গবন্ধু ছিলেন স্বাধীনতার মূর্ত প্রতীক (চমুংরপধষ উসনড়ফরসবহঃ); কাজেই তাঁকে শেষ করার সাথে সাথে তাঁর বংশধরদেরও শেষ করা দরকার ছিল। যেন কোনোভাবেই স্বাধীনতার মূর্ত প্রতীক হিসেবে পরবর্তীকালে কেউ আবির্ভূত হতে না পারে; তাদের এই নৃশংস পরিকল্পনার বাস্তবায়ন থেকে শিশু রাসেল এবং মাতৃগর্ভের ভ্রূণও বাদ যায়নি। কাজেই এদের জন্য শোক প্রকাশ করা তাদের খুনি বা স্বাধীনতাবিরোধী বা বেনিফিসিয়ারিদের কাছ থেকে আমরা আশা করি না কোনও সময়েই। জাতি হিসেবে আমাদের এক ধরনের বোঝাপড়া যে, এই প্রজাতির মানুষরাই কেবল বঙ্গবন্ধুর জন্য শোক প্রকাশ করতে দ্বিধা করে বা তাঁকে অবজ্ঞা করে। তো এই প্রেক্ষিতে বর্তমান সরকারের অবস্থান কোনটি?

মনে রাখা দরকার, ইতিহাসের সবচেয়ে বড় শিক্ষাটাই বর্তমান শাসকগোষ্ঠী ভুলে যাচ্ছেন।

এরপর ১৬ পৃষ্ঠায়



# কৃষি এখনো বাংলাদেশের প্রাণ

আব্দুল বায়েস



স্বাধীনতার পর থেকে অদ্যাবধি খাদ্যশস্যের উৎপাদন বেড়েছে বছরে গড়ে প্রায় ৩ শতাংশ হারে। এর পরও চাল, গম, ভুট্টাসহ অন্যান্য পণ্য আমদানির তালিকায় থাকছে নিয়মিত। মোট আমদানির পরিমাণ ৯০ থেকে ১০০ লাখ টন, যা টাকার অঙ্কে ৮০ থেকে ৯০ হাজার কোটি টাকা। তার পরও বলছেন এক সমাজবিজ্ঞানি এবং গবেষক, 'দেশে খাদ্য নিরাপত্তার ঘাটতি আছে, বৃদ্ধি পাচ্ছে খাদ্য মূল্যস্ফীতি।

বর্তমানে দেশের প্রায় ২২ শতাংশ মানুষ খাদ্য নিরাপত্তাহীনতায় ভুগছে। এটি দূর করতে হলে এবং ২০৩০ সালের মধ্যে সবার জন্য খাদ্য ও পুষ্টির নিশ্চয়তা বিধান করতে হলে কৃষিপণ্যের উৎপাদন আরো দ্রুত বাড়াতে হবে। তার মাত্রা হতে হবে ন্যূনপক্ষে বছরে গড়ে ৪-৫ শতাংশ। সেই সঙ্গে বিতরণব্যবস্থার উন্নতি সাধন করতে হবে। কৃষিপণ্যের বাজারজাত উদ্বৃত্ত আরো বাড়াতে হবে। এ ক্ষেত্রে চ্যালেঞ্জ অনেক। উল্লেখযোগ্য চ্যালেঞ্জগুলোর মধ্যে আছে কৃষিজমি হ্রাস, আবাদযোগ্য জমি চাষের বাইরে ফেলে রাখা, জমির উর্বরতা হ্রাস, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব, খাদ্য অপচয়, অদক্ষ বাজার ব্যবস্থা ইত্যাদি।' সুতরাং একটি কৃষি কমিশন গঠন করা সময়ের দাবি, যে কমিশন ভূমি ব্যবস্থাপনা, ভূমির ব্যবহার ইত্যাদির ওপর সুপারিশ রাখবে।

দুই.

দারিদ্র্য হ্রাসে অর্থনৈতিক প্রবৃদ্ধির ওপর কৃষি খাতের প্রবৃদ্ধির প্রভাব মূল্যায়ন করতে গেলে দারিদ্র্য হ্রাসে প্রবৃদ্ধির স্থিতিস্থাপকতা-ইলাস্টিসিটি অব গ্রোথ অন পভার্টি রিডাকশন পর্যালোচনা করার প্রয়োজন হয়। অর্থাৎ গড় জাতীয় আয় যদি ১ শতাংশ বাড়ে, তাহলে দারিদ্র্যের হার কী পরিমাণ কমে সেই সম্পর্কটা দেখার প্রয়াস নেওয়া দরকার বলে গবেষকরা মনে করেন। এক গবেষণায় দেখা যায়, সাধারণত উন্নয়নশীল দেশে সহগটির মান গড়পড়তা মাইনাস ২ অর্থাৎ গড়পড়তা প্রকৃত মাথাপিছু আয় ১০ শতাংশ বৃদ্ধি পেলে দারিদ্র্যের হার কমবে ২০ শতাংশ। তাহলে পাঠক বুঝে নিন অর্থনৈতিক প্রবৃদ্ধি দারিদ্র্য হ্রাসে কেন এবং কতটা গুরুত্বপূর্ণ। একটু ঘুরিয়ে বলতে হয়, 'তোরা যে যা বলিস তাই, প্রবৃদ্ধি আমার চাই'-বিশেষত বাংলাদেশের মতো উন্নয়নশীল একটি দেশে।

তবে বাংলাদেশে সহনীয় দারিদ্র্যের প্রবৃদ্ধি স্থিতিস্থাপকতা সত্যি খুব কম এবং তা-ও ২০০৫ সাল কৃষি এখনো বাংলাদেশের প্রাণ থেকে নিম্নগামী। হিসাব করে দেখানো হচ্ছে যে ২০১৬-২০২২ সময়কালে সহগটির মান ছিল মাত্র ০.৮০। এর অর্থ দাঁড়ায়, বাংলাদেশে মাথাপিছু প্রকৃত আয় ১০ শতাংশ বাড়লে সহনীয় দারিদ্র্য কমে মাত্র ৮ শতাংশ (উন্নয়নশীল দেশের গড় ২০ শতাংশ)। এর বিপরীতে ২০১০-২০১৬ সময়ে সহগটি ছিল ০.৮৪ এবং ২০০৫-২০১০ সময়ে ০.৯৬। মোটকথা, এটি প্রমাণ করে যে বাংলাদেশে সহনীয় দারিদ্র্য হ্রাসে প্রবৃদ্ধির পারঙ্গমতা বেশ কম এবং সেটি গেল ১৭ বছর ধরে ক্রমাগত নিম্নমুখী হচ্ছে।

তিন.

এখন মিলিয়ন ডলার প্রশ্ন হলো দারিদ্র্য হ্রাসে কৃষি খাতের ভূমিকা কী? ঐতিহাসিকভাবে উন্নয়নশীল দেশে দারিদ্র্য কমাতে কৃষি খাত একটি উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। কৃষি থেকে জিডিপির যে হিস্যাটা আসে, তা সমাজের সবচেয়ে দরিদ্র জনগোষ্ঠীর মাঝে তাৎপর্যপূর্ণ আয়ের সূত্রপাত ঘটায়। তা ছাড়া শুধু সরাসরি দারিদ্র্য হ্রাস নয়, পুরো অর্থনীতিতে শক্তিশালী লিংকেজ প্রভাব নিয়ে হাজির হয় কৃষি খাত। কৃষির পরোক্ষ অবদান আসে খামারবহির্ভূত কর্মকাণ্ডে; যেমন-সার, সেচযন্ত্র, কীটনাশক এবং অন্যান্য উপকরণের চাহিদাসমেত ব্যাকওয়ার্ড লিংকেজ এবং প্যাকেজিং, পরিবহন, শিল্পজাত প্রক্রিয়াকরণ, সংরক্ষণ এবং কৃষিপণ্যের বাজারসমেত ফরওয়ার্ড লিংকেজ গড়ার মাধ্যমে। এই কর্মকাণ্ডগুলো ব্যাপক প্রবৃদ্ধি ঘটায় খামারবহির্ভূত খাতে, যার মধ্য দিয়ে সংঘটিত হয় বর্ধিত কর্মসংস্থান ও আয়। যা হোক, দেশ যত সম্পদশালী হবে, দারিদ্র্য হ্রাসে কৃষির প্রবৃদ্ধির ধার খামারবহির্ভূত খাতের তুলনায় ততই কমবে বলে ধারণা করা হয়ে থাকে।

প্রসঙ্গত এও বলে রাখা দরকার যে দুই বছর আগেও বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় ৭০ শতাংশ জীবিকার জন্য মূলত কৃষির ওপর নির্ভরশীল ছিল এবং জিডিপিতে মাত্র ১২ শতাংশ অবদান নিয়ে শ্রমশক্তির ৪৫ শতাংশ নিয়োজিত কৃষি খাতে। সুতরাং কৃষি খাতকে কোনোভাবেই অবহেলা করার অবকাশ আছে বলে মনে হয় না। যেমন একটি উদাহরণই যথেষ্ট। বিবিএসের তথ্য ব্যবহার করে দেখানো যেতে পারে যে দারিদ্র্য হ্রাসে কৃষির প্রবৃদ্ধি স্থিতিস্থাপকতার মান ২.২৬ অর্থাৎ ২০১৬-২০২২ সময়কালে মাথাপিছু প্রকৃত কৃষি জিডিপি ১০ শতাংশ বৃদ্ধি পেয়ে প্রায় ২৩ শতাংশ দারিদ্র্য হ্রাস ঘটায়, অথচ এর বিপরীতে অকৃষি প্রবৃদ্ধি স্থিতিস্থাপকতা হচ্ছে ০.৭২, যার অর্থ অকৃষি কর্মকাণ্ডে ১০ শতাংশ প্রবৃদ্ধি হলে দারিদ্র্য হ্রাস পায় মাত্র ৭ শতাংশের কোঠায়। মনে হয়, এমনতর পরিসংখ্যান এটি প্রমাণ করতে চায় যে অন্তত দারিদ্র্য হ্রাসে, কৃষি খাতের প্রবৃদ্ধি অকৃষি খাতের তুলনায় তিন গুণের চেয়ে বেশি শক্তিশালী। অর্থাৎ বাংলাদেশের দারিদ্র্য হ্রাসে একই হারে প্রবৃদ্ধি অকৃষির চেয়ে কৃষিতে বেশি কার্যকর।

চার.

তাহলে দেয় লিংকেজ প্রভাব

এরপর ২৮ পৃষ্ঠায়

> অন্যদিকে কৃষিজমি হ্রাস পাচ্ছে বার্ষিক ১ শতাংশ হারে। তবে সুখবর এই যে মাথাপিছু আয় বৃদ্ধি সাপেক্ষে মাথাপিছু চালের ভোগের পরিমাণ কমছে বলে বাঁচোয়া। জলবায়ু পরিবর্তন চরম বিপর্যয় ডেকে আনবে কৃষিতে, যা মোকাবেলায় প্রস্তুতি নেওয়া জরুরি। সমস্যা দাঁড়িয়েছে খাবার ও খাবারবহির্ভূত পণ্য বাজারজাতকরণে করপোরেট সেক্টরের প্রবল প্রভাবে কৃষক ও ভোক্তা উভয়ের উদ্বৃত্ত হ্রাস করছে। এ ধরনের সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর অবস্থান জরুরি। খাবার এবং বিশেষত চালবহির্ভূত পণ্য উৎপাদনে গবেষণাগত এবং অবকাঠামোগত উন্নয়নে অতিরিক্ত অর্থ বরাদ্দ অত্যন্ত জরুরি। কারণ অদূর ভবিষ্যতে, উন্নয়নের গতিধারা সাপেক্ষে, কৃষি খাতে ধানের চেয়ে অন্যান্য ফসল ও গবাদি পশু এবং মাছ চাষের ভূমিকা বৃদ্ধি পাবে







বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৪
BANGLADESH SOCIETY INC. ELECTION 2024
২৭ অক্টোবর নির্বাচনে
রুহুল-জাহিদ
পরিষদ
B1
B4
PLEASE VOTE FOR RUHUL-JAHID PANEL
রুহুল-জাহিদ পরিষদ আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
রুহুল-জাহিদ পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
PLEASE VOTE FOR
RUHUL-JAHID PANEL
প্রচারেঃ রুহুল-জাহিদ পরিষদের নির্বাচন পরিচালনা কমিটি


BANGLADESH SOCIETY INC,
বাংলাদেশ সোসাইটি ইন্ক
ELECTION 2024
২৭ অক্টোবর, ২০২৪
ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার
লক্ষ্যে জনকল্যাণে পরীক্ষিত সৎ ও নিষ্ঠাবান
ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন
A1
আতাউর রহমান সেলিম
সভাপতি
S.M. Ataur Salim President
A4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক
Mohammad Ali, General Secretary
সেলিম-আলী
পরিষদে ভোট দিন
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী
MOSTOFA ANIK RAJ
CULTURAL SECRETARY CANDIDATE
Ballot no:
A8
ভোট দিয়ে
জয়যুক্ত করুন
প্রচারে: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি

## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের
১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান
মাল্টিপল ভিসা




USA 5 YEARS
MULTIPLE TOURIST VISA








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার মানবিক অঙ্গীকার

ড. ইফতেখার উদ্দিন চৌধুরী

ছাত্র-জনতার গৌরবগাথায় সমুজ্জ্বল জুলাই ২০২৪-এর গণ-অভ্যুত্থান। ফলস্বরূপ, শান্তিতে নোবেলজয়ী বিশ্ববরেণ্য ব্যক্তিত্ব ড. মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্বে অধিষ্ঠিত। বিগত সরকারের সবরকম অসংগতিকে সমূলে উৎপাটন করে নতুন চেতনায় সমৃদ্ধ দেশ প্রতিষ্ঠায় তার প্রতিশ্রুতি সুস্পষ্ট। স্বল্প সময়ের মধ্যেই রাষ্ট্র সংস্কারে অত্যন্ত প্রয়োজনীয় পন্থাগুলো চিহ্নিত করে অন্তর্বর্তী সরকার প্রশংসিত হয়েছে। এ ধারাবাহিকতায় বিভিন্ন কমিশন গঠনের মাধ্যমে যৌক্তিক সময়ের মধ্যে প্রদেয় সুপারিশগুলো কার্যকর করে টেকসই ন্যায়ভিত্তিক সমাজ বিনির্মাণের অঙ্গীকার সর্বত্রই সমাদৃত হচ্ছে। প্রয়োজনীয় প্রতিটি ক্ষেত্রে পর্যাপ্ত পরিবর্তন-পরিমার্জন-সংশোধনের লক্ষ্যে নিয়মনীতির যথাযথ বাস্তবায়ন প্রত্যাশিত। ইতোমধ্যে নির্বাচনব্যবস্থা, সংবিধান, বিচারব্যবস্থা, জনপ্রশাসন, আইনশৃঙ্খলা ব্যবস্থা সংস্কারে স্বাধীন কমিশন গঠন করা হয়েছে। সংবাদপত্র ও গণমাধ্যম সংস্কারের জন্যও পৃথক কমিশনসহ আরও কয়েকটি বিশেষ কমিশন গঠন প্রক্রিয়াধীন রয়েছে। ব্যবসা-বাণিজ্যের সচলতায় ব্যাংক ও আর্থিক খাতে ব্যাপক পরিবর্তন আশাজাগানিয়া। দেউলিয়া হওয়ার ঝুঁকিতে থাকা ব্যাংকগুলোকে বাঁচাতে চেষ্টা চালানোর পাশাপাশি আমানতকারীদের সুরক্ষা নিশ্চিত করতে বিবিধ ব্যবস্থা গ্রহণ অবশ্যই ইতিবাচক। বিশ্বব্যাংক ও এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) থেকে ঋণ নেওয়াসহ আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) থেকে অন্তর্বর্তী সরকারকে সহায়তার আশ্বাস ব্যাংক খাতে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে সহায়ক হবে।

সম্প্রতি ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘের ৭৯তম সাধারণ অধিবেশনে যোগদান উপলক্ষ্যে নিউইয়র্ক গিয়েছিলেন। উন্নত-উন্নয়নশীল বিশ্বের সরকারপ্রধানদের সঙ্গে ফলপ্রসূ আলোচনা-দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠানে তিনি খুবই ব্যস্ত সময় অতিবাহিত করেন। এ সফরটি কূটনৈতিক ও অর্থনৈতিক দিক থেকে বাংলাদেশের জন্য একটি মাইলফলক হিসাবে বিবেচিত হবে। জাতিসংঘ, বিশ্বব্যাংক, আইএমএফসহ দাতা ও উন্নয়ন সহযোগীদের সঙ্গে দেশের স্বার্থে নানামুখী উদ্দেশ্যসাধনে বৈঠকগুলো ছিল যুগান্তকারী। মানবাধিকার লঙ্ঘন থেকে শুরু করে পরিবেশ দূষণের প্রেক্ষাপট বিশ্লেষণে বিশ্বদরবারে উত্থাপিত ড. ইউনূসের বক্তব্য ছিল দৃঢ় ও বস্তুনিষ্ঠ। বাংলাদেশসহ বিশ্বের চলমান সমস্যাগুলো সম্পর্কে তার বক্তব্য ছিল উচ্চমার্গের ও ভারসাম্যপূর্ণ। তার আবেগঘন উপস্থাপনায় সাম্প্রতিক বাংলাদেশে তরুণ শিক্ষার্থীদের নেতৃত্বে গণজাগরণের পরিপ্রেক্ষিত ও নির্মম সহিংসতা সম্পর্কে বিশ্ববাসী অবগত হয়েছেন। আইনশৃঙ্খলা বাহিনীর নির্বিচার গুলিবর্ষণে দেড় হাজারের অধিক প্রাণ বিসর্জন এবং বিপুলসংখ্যক বিপ্লবীর পঙ্গুত্ববরণের ঘটনা বিশ্ববাসীর হৃদয়ে রক্তক্ষরণ ঘটিয়েছে।

প্রধান উপদেষ্টা জাতিসংঘে প্রদত্ত তার বক্তব্যে বলেন, 'এ গণ-আন্দোলন রাজনৈতিক অধিকার ও উন্নয়নের সুবিধাবঞ্চিত বাংলাদেশের আপামর জনসাধারণকে ঐক্যবদ্ধ করেছে। জনগণ একটি ন্যায্য, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর গণতন্ত্রের জন্য লড়াই করেছে। যার জন্য নতুন প্রজন্ম জীবন উৎসর্গ করেছিল। বন্দুকের গুলি উপেক্ষা করে বুক পেতে দাঁড়িয়ে গিয়েছিল আমাদের তরুণরা। অবৈধ রাষ্ট্রক্ষমতার বিরুদ্ধে প্রবলভাবে সোচ্চার হয়েছিল আমাদের তরুণীরা। স্কুলপড়ুয়া কিশোর-কিশোরীরা নিঃশঙ্কচিত্তে উৎসর্গ করেছিল তাদের জীবন। শত শত মানুষ চিরতরে হারিয়েছে তাদের দৃষ্টিশক্তি। আমাদের মায়েরা, দিনমজুরেরা ও শহরের অগণিত মানুষ তাদের সন্তানদের কাঁধে কাঁধ মিলিয়ে নেমেছিল রাজপথে।' তিনি আরও বলেন, 'উদারনীতি, বহুত্ববাদ ও ধর্মনিরপেক্ষতার ওপর মানুষের গভীর বিশ্বাস থেকেই বাংলাদেশ রাষ্ট্রের অভ্যুদয়। ১৯৭১ সালে যে মূল্যবোধকে বুকে ধারণ করে আমাদের গণমানুষ যুদ্ধ করেছিল, সেই মূল্যবোধকে বহু বছর পর আমাদের জেনারেশন জি (প্রজন্ম জি) নতুনভাবে দেখতে শিখিয়েছে। এ রকমটি আমরা দেখেছিলাম ১৯৫২ সালের ভাষা আন্দোলনে বাংলাকে মাতৃভাষা হিসাবে প্রতিষ্ঠার সময়েও। বাংলাদেশের এ অভ্যুত্থান আগামী দিনে বিশ্বের বিভিন্ন প্রান্তে মানুষকে মুক্তি ও ন্যায়বিচারের পক্ষে দাঁড়াতে প্রেরণা জুগিয়ে যাবে।'



এটি স্পষ্ট, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগদান ও ভাষণ প্রদানের মধ্য দিয়ে বাংলাদেশের জন্য সম্ভাবনার দ্বার উন্মোচিত হয়েছে। জাতিসংঘে সাবলীল ভঙ্গিতে একটানা দীর্ঘসময় ধরে প্রদত্ত বাংলা ভাষণে প্রধান উপদেষ্টা বাংলাদেশের মুক্তি ও গণতান্ত্রিক আকাঙ্ক্ষার রূপকল্প তুলে ধরেছেন। তিনি বিশ্ব সম্প্রদায়কে বাংলাদেশের জনগণের স্বপ্নের নতুন সমাজ গঠনে নিরন্তর সম্পৃক্ত হওয়ার উদাত্ত আহ্বান জানিয়েছেন। জুলাই-আগস্টে বাংলাদেশে যে যুগান্তকারী পরিবর্তন সংঘটিত হয়েছে, তার পরিপ্রেক্ষিতেই আজ তিনি এ স্থানে উপস্থিত হতে পেরেছেন বলে মন্তব্য করেন। বিশ্বনেতাদের সম্মুখে তিনি পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতিতে দায়িত্ব গ্রহণ, বাংলাদেশ নিয়ে মানুষের গভীর প্রত্যাশাসহ অন্তর্বর্তী সরকারের প্রাথমিক পদক্ষেপ তুলে ধরেন। বর্তমানে দেশের সব রাজনৈতিক দল স্বাধীনভাবে তাদের মতামত প্রকাশ করতে পারছে বলে মন্তব্য করেন অন্তর্বর্তী সরকারপ্রধান। তিনি জানান, আমরা মানুষের মৌলিক অধিকারকে সমুন্নত ও সুরক্ষিত রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। আমাদের দেশের মানুষ মুক্তভাবে কথা বলবে, ভয়ভীতি ছাড়া সমাবেশ করবে, তাদের পছন্দের ব্যক্তিকে ভোট দিয়ে নির্বাচিত করবে-এটাই আমাদের লক্ষ্য। রাষ্ট্রব্যবস্থার সব পর্যায়ে সুশাসন ফিরিয়ে আনাই তার সরকারের অভীষ্ট বলে উল্লেখ

এরপর ৩৮ পৃষ্ঠায়



> তখন যুক্তরাষ্ট্র বাংলাদেশের পাশে থেকে সহযোগিতা করছে এবং গণতান্ত্রিক বাংলাদেশ বিনির্মাণ ও অর্থনৈতিকভাবে সমৃদ্ধ নতুন দেশ গঠনে তারা সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। প্রসঙ্গত, মাননীয় প্রধান উপদেষ্টা বিশ্বসভাকে ক্ষুদ্রঋণ ও সামাজিক ব্যবসার বৈশ্বিক উপযোগিতা সম্পর্কেও স্মরণ করিয়ে দেন। তিনি তরুণ-যুবকদের কর্মসংস্থানের পেছনে সময়ক্ষেপণ না করে নিজেদের উদ্যোক্তা হিসাবে প্রতিষ্ঠা করার সংকল্পকে সুদৃঢ় করার আহ্বান জানান। শূন্য দারিদ্র্য, শূন্য বেকারত্ব ও শূন্য নেট কার্বন নিঃসরণের ভিত্তিতে সামাজিক ব্যবসাকে অগ্রগণ্য করার ধারণা বিশ্বসভায় উপস্থিত সবার ভূয়সী প্রশংসা অর্জন করে। বাংলাদেশকে উচ্চ মর্যাদায় আসীন করার জন্য একজন সাধারণ নাগরিক হিসাবে ড. ইউনূসের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি

# শুভ মহালয়া

অয়ন রায় অংকন

'দুর্গে দুর্গে দুর্গতিনাশিনী', 'শিশিরে শিশিরে শারদ আকাশে', 'বাজল তোমার আলোর বেণু', 'জাগো দুর্গা দশপ্রহরণধারিণী'-গানগুলো হয়তো অনেকের জানা। এ ছাড়া আছে বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের 'আশ্বিনের শারদপ্রাতে, বেজে উঠেছে আলোক মঞ্জীর'। এসব শ্রুতিমধুর গান বা মন্ত্রের কথা বলার কারণ কী, সেটা সবাই এতক্ষণে বুঝে গেছেন। কারণ, বাঙালি হিন্দু সম্প্রদায়ের শারদীয় দুর্গোৎসবের আমেজ শুরু হয়ে গেছে। মা দুর্গা মর্ত্যলোকে এসেছেন। দেবী দুর্গার বোধন তথা সেই মহালয়া যে আজ।



কী এই মহালয়া, তা নিয়ে অবশ্য 'নানা মুনির নানা মত'। পুরাণ ও শাস্ত্রের বেশ কিছু তথ্য এবং ব্যাসদেব রচিত মহাভারতে দিনটিকে পিতৃপক্ষের সমাপ্তি এবং দেবীপক্ষের সূচনা হিসেবে উল্লেখ করা হয়েছে। শ্রীশ্রী চণ্ডীতে 'মহালয়' হচ্ছে পুজো বা উৎসবের আলয়। এখানে আলয় শব্দটির অর্থ আশ্রয়। চণ্ডীতে তাই মহালয়া বলতে পিতৃলোককে স্মরণের ক্ষণকেই বলা হয়েছে।

পুরাণে বলা আছে, মহালয়ার দিনে দেবী দুর্গা মহিষাসুরকে বধ করার দায়িত্ব পান। ব্রহ্মার বরপ্রাপ্ত কোনো মানুষ বা দেবতার পক্ষে মহিষাসুরকে বধ করা সম্ভব ছিল না। ফলত অসীম ক্ষমতাশালী মহিষাসুর তার ক্ষমতার দম্ভে মত্ত হয়ে ওঠে। একে একে দেবতাদের স্বর্গ থেকে বিতাড়ন করে। ব্রহ্মা, বিষ্ণু ও শিব তখন বাধ্য হয়ে মিলিতভাবে মহামায়ার রূপে অমোঘ নারীশক্তি সৃষ্টি করলেন। দেবতাদের দান করা ১০টি অস্ত্রে সিংহবাহিনী দেবী দুর্গা সুসজ্জিত হয়ে ওঠেন। শুম্ভ, নিশুম্ভ, মধু, কৈটভ, রক্তবীজ-একে একে অসুর বধ করলেন। সবশেষে সেই মহিষাসুর বধ হয়েছে মা দুর্গার হাতেই। মহিষাসুর নিজে যেমন চেয়েছিল মা দুর্গার হাতে বধ হতে, তেমনি এটা তার জানাও ছিল। মহালয়া হচ্ছে সেই দিন, যেদিন দশভুজা দুর্গা দুষ্টের দমন ও শিষ্টের পালন করতে মর্ত্যলোকে এসেছেন বলে বিশ্বাস।



এ ছাড়া একাধিক পুরাণ ও অন্যান্য হিন্দুধর্মগ্রন্থেও রামের অকালবোধনের কথা বলা হয়েছে। রাম-রাবণের যুদ্ধ শুরু হওয়ার পরে যখন একে একে লঙ্কার বড় বড় বীর ধরাশায়ী, তখন মা দুর্গার স্তব করলেন রাবণ। দুর্গা কালীরূপে রাবণকে অভয় দিলেন। মা কালীর কোলে আশ্রিত রাবণ যুদ্ধে অপরাজেয় হয়ে উঠতে লাগলেন। এই পরিস্থিতিতে দুর্গাকে তুষ্ট করতে অকালেই (বসন্তকালের বদলে শরৎকালে) তাঁর পুজো করতে মনস্থ করলেন রাম। ত্রেতা যুগে রামচন্দ্র অকালে ১০৮টি নীলপদ্ম দিয়ে দেবী দুর্গার পূজা করেছিলেন। রামচন্দ্র অকালে দেবী দুর্গার বোধন করে যে পূজা করেছিলেন, বর্তমানে আমরা সেটাই অনুসরণ করছি। রামচন্দ্র শরৎকালে যে দুর্গাপূজা করেন, সেটাই অকালবোধন। এমনটিও বলা হয় যে পিতৃপক্ষ শেষে অন্ধকার অমাবস্যার সীমানা ডিঙিয়ে আমরা যখন আলোকময় দেবীপক্ষের আগমন প্রত্যক্ষ করি, তখনই সেই মহালগ্নটি আমাদের জীবনে 'মহালয়ার' বার্তা নিয়ে আসে। এ ক্ষেত্রে স্বয়ং দেবীই হচ্ছেন সেই মহান আশ্রয়, তাই উত্তরণের লগ্নটির নাম মহালয়া। বিশেষ পূজা আর মন্দিরে মন্দিরে শঙ্খের ধ্বনি ও চণ্ডীপাঠের মধ্য দিয়ে দেবীকে আহ্বান করা হয়। বাঙালি হিন্দুধর্মাবলম্বীরা ভোরে উঠে শোনেন বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের সেই সুমধুর চণ্ডীপাঠ। অনেকে আবার টেলিভিশনে দেখেন মহালয়া উপলক্ষে বিশেষ অনুষ্ঠান। আর মহালয়া মানে যে দুর্গাপূজার ক্ষণগণনা শুরু, সেটা তো অনেকের জানা। ঢাকে সেই কাঠি বাজার অপেক্ষা।

ছয় দিন পর শুরু মহাসপ্তমী। বিজয়া দশমীর মধ্য দিয়ে সম্পন্ন হয় শারদীয় দুর্গোৎসব। তারপর আবার সেই এক বছরের ক্ষণগণনা শুরু।

'আসছে বছর আবার হবে', 'বলো দুর্গা মাই কি, জয়'-এই কথাগুলো প্রতিমা বিসর্জনের সময় বলতে থাকেন বাঙালি হিন্দুধর্মাবলম্বীরা। দেবী দুর্গার আগমন ও গমন সাধারণত নির্ভর করে সপ্তমী ও দশমী তিথি কবে পড়েছে, তার ওপর। শাস্ত্রমতে, এবার দুর্গা আসছেন দোলায় তথা পালকিতে। মা দুর্গা ফিরবেন গজে; মানে হাতির পিঠে চড়ে।

মহালয়ার আগেই শুরু হয়ে যায় প্রতিমা বানানোর কাজ। দুর্গাপূজার সময় যত এগিয়ে আসে, মৃৎশিল্পীরা ব্যস্ত হয়ে পড়েন প্রতিমায় তুলির শেষ আঁচড় দিতে।

প্যান্ডেলে প্যান্ডেলে কাজের ধুম পড়ে যায়। যদিও ছোটবেলার সেই পুজোর সঙ্গে কোনো কিছুর তুলনা চলে না। আরও স্পষ্ট করে বললে ইন্টারনেট আসার আগের যুগ। তখন রেডিও, ক্যাসেটে বাজত 'আয় রে ছুটে আয়, পুজোর গন্ধ এসেছে'।

গানটা শুনলেই পুজো পুজো ভাব চলে আসত। শহুরে যান্ত্রিকতার প্রভাব এতই বেশি যে এখন আর শরতের কাশফুল দেখার আনন্দও তেমন একটা উদ্বেলিত করে না। তবু সব ছাপিয়ে ২০২৪ শারদীয় দুর্গোৎসব সবার ভালো কাটুক। শুভ শারদীয়।

মহালয়ার আগেই শুরু হয়ে যায় প্রতিমা বানানোর কাজ। দুর্গাপূজার সময় যত এগিয়ে আসে, মৃৎশিল্পীরা ব্যস্ত হয়ে পড়েন প্রতিমায় তুলির শেষ আঁচড় দিতে। প্যান্ডেলে প্যান্ডেলে কাজের ধুম পড়ে যায়। যদিও ছোটবেলার সেই পুজোর সঙ্গে কোনো কিছুর তুলনা চলে না। আরও স্পষ্ট করে বললে ইন্টারনেট আসার আগের যুগ। তখন রেডিও, ক্যাসেটে বাজত 'আয় রে ছুটে আয়, পুজোর গন্ধ এসেছে'। গানটা শুনলেই পুজো পুজো ভাব চলে আসত। শহুরে যান্ত্রিকতার প্রভাব এতই বেশি যে এখন আর শরতের কাশফুল দেখার আনন্দও তেমন একটা উদ্বেলিত করে না। তবু সব ছাপিয়ে ২০২৪ শারদীয় দুর্গোৎসব সবার ভালো কাটুক। শুভ শারদীয়


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছে পাবেন
স্পেশাল ওমরাহ
প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা-এয়ার টিকেট-হোটেল
মক্কা ও মদিনায় আমাদের আছে অভিজ্ঞ মোয়াল্লেম
IATA অনুমোদিত
ARC অনুমোদিত
আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি
সবচেয়ে কম দামের গ্যারান্টি
আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-DHAKA-JFK RETURN
Emirates
BELAYET HOSSAIN (BELAL)
President & CEO
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে. এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
Emirates
KUWAIT AIRWAYS
QATAR
SAUDI ARABIAN AIRLINES
AmericanAirlines
DELTA AIR LINES
বিমান বাংলাদেশ এয়ারলাইনস
ETIHAD
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
PHONE : 917-396-4140, 917-592-7828
E-mail : digitalonetravel@gmail.com www.digitalonetravel.com
7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372
OPEN 7 DAYS 11 AM-10 PM
কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
Price can be change anytime. *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

SmartTech
IT Solutions Inc.
We built your dream job in (IT)
স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন
salesforce
Learn Salesforce Without Coding
BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE
Configuration & Setup
Sales & Marketing Applications
Data & Analysis Management
Workflow & Process Automation
SALESFORCE ADMINISTRATOR
Earn Yearly : 80K - 120K
Learn QA Test Engineer
SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...
আমাদের সেবা সমূহঃ
• সহজ ভাবে পড়ানো হয়
• রিজুমি প্রস্তুতি
• ইন্টারভিউ সাপোর্ট
• আফটার জব সাপোর্ট
• ইনপারসন এবং অনলাইন ক্লাস
Ph: (917) 293-5724
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372

হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়

ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)
ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।
হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center
এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ
B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ
- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ
স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

Member of
FRANCHISE BROKER ACADEMY
FRANCHISE
L1A VISA
E2 VISA
POLITICAL ASYLUM
Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com
হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

# OPEN HOUSE

## 596 Terrace Place, Baldwin, NY 11510

Oct 05, Saturday (12pm-3pm) & Oct 06, Sunday (12pm-3pm)

## Asking $799,000

**Mother-Daughter setup, 3 Rental options + Full Basement, Detached, Lot size: 60x100**

- *1st Floor: 3 bedrooms, Living room, kitchen 1 bathroom, 1 car garage*
- *2nd Floor: 3 bedrooms, Living room, 1 bathroom*
- *Basement: 2 bedrooms, Living room, kitchen, 1 bathroom with separate entrance*




**Kamruz Zaman Baccu**
Licensed Real Estate Salesperson

kamruzbaccu1@gmail.com

**We have 150 + Regular & Bank houses for sale**
**List your house with me to sell or rent fast**

ISLAND ADVANTAGE REALTY

233 Long Beach Road, Island Park
NY 11558, Tel: 516-368-8500

# এ সপ্তাহের কবিতা



## পাদুকার জীবন
### সজল আশফাক



একজন রাজনীতিবিদের কাছে
তার কর্মীরা কেউ ডানহাত, কেউ বামহাত,
কেউ বামপা কেউ ডানপা;
কেউ হৃদপিণ্ড কেউ মগজ, লিভার, কিডনি।
যারা একটু দূরের তাদের কেউ শার্ট-পাঞ্জাবি-প্যান্ট-পাজামা,
কেউ আবার অন্তর্বাসও হয়।
যারা সীমিত কার্যকারিতার মস্তিক নিয়ে পুলকিত,
সাথে সম্পূর্ণ বিবেকহীনতায় আক্রান্ত,
গোপনে দেহের জলবায়ু মাটিতেও
লোভ লকলক করে- তারা হন নেতার পাদুকা।
নেতার পায়ের ছাপ থাকে তার বুকে,
নেতার পদভারে তার ফুসফুস সর্বদা চেপে থাকে,
তাই তার কথা বলার দম থাকে না।
